**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27–05–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) ঘূর্ণিঝড় রেমালের প্রভাবে রাজ্যেও বিভিন্ন স্থানে স্বাভাবিক জীবন যাত্রা ব্যাহত । আগামী ২৪ ঘন্টার রাজ্যের সব কটি জেলায় ভারী বৃষ্টিপাত ও ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হওয়া বয়ে যাওয়ার সতর্কবার্তা জারি ।**

**(২) দুর্যোগপূর্ণ আবহাওয়ার জন্য রাজ্যেও বেশ কিছু উড়ান ও রেল পরিষেবা বাতিল করা হয়েছে ।**

**(৩) অষ্টাদশ লোকসভা নির্বাচনের সপ্তম ও শেষ পর্বের প্রচার এখন তুঙ্গে ।**

*************************************************

**Remal :**

ভারতের আবহাওয়া দফতর, জানিয়েছে যে ঘূর্ণিঝড় রেমাল উত্তর–উত্তরপূর্ব দিকে অগ্রসর হতে পারে এবং আজ রাতের মধ্যে ধীরে ধীরে গভীর নিম্নচাপে পরিণত হতে পারে। বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের উপর দিয়ে ঘূর্ণিঝড়টি গত ছয় ঘণ্টায় ঘণ্টায় পাঁচ কিলোমিটার বেগে ধীরে ধীরে উত্তর দিকে অগ্রসর হয়। এই

মুহূর্তে এই ঝড় আগরতলার ১৮৫ কিলোমিটার দক্ষিণ পশ্চিমে অবস্থিত বাংলাদেশের যশোরে অবস্থান করছে।

ঘূর্ণিঝড়ের প্রভাবে রাজ্যের রাজ্যের প্রায় সব জেলাতেই মাঝারি থেকে ভারী বৃষ্টিপাত ও ঝোড়ো হাওয়া বয়ে যায়। এখনো দমকা হাওয়া ও বৃষ্টি চলছে।

রেমালের প্রভাবে বিপর্যস্ত হয়ে পড়েছে দক্ষিণ জেলার জনজীবন। গতকাল রাত ১২টার পর থেকেই শুরু হয় হাল্কা ঝড়বৃষ্টি। আজ সকাল ৮ টার পর থেকেই তীব্রতা বাড়ে ঝড়বৃষ্টির। জেলা দুর্যোগ মোকাবেলা কর্তৃপক্ষের প্রোগ্রাম অফিসার জীবন কান্তি সরকার জানান, বহু জায়গায় গাছ ভেঙে পড়ে অবরুদ্ধ হয়ে পড়ে রাস্তা। জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল জানান, দক্ষিন জেলাজুড়ে রাস্তাঘাট পরিস্কারের কাজ চালান এনডিআরএফ, টিএসআর, বনকর্মী সহ সিভিল ডিফেন্স ও আপদা মিত্র স্বেচ্ছাসেবকরা নিয়োজিত রয়েছেন। জোলাইবাড়ি ব্লকের SSB ক্যাম্পে NDRF জওয়ানদের প্রস্তুত রাখা হয়েছে।

সিপাহীজলা, খোয়াই, ঊনকোটি, গোমতী ও উত্তর জেলার সংবাদদাতারা জানিয়েছেন, গতকাল থেকে শুরু হয়ে আজ সারাদিন ধরে বৃষ্টি হচ্ছে।

কৈলাশহরের S.D.M প্রদীপ সরকার জানান, পরিস্থিতি মোকাবেলায় যথাযথ প্রস্তুতি নিয়েছে প্রশাসন। রাজস্ব পরিদর্শক ও তহশিলদারদের সময়ভিত্তিক রিপোর্ট দিতে বলা হয়েছে। পরিস্থিতি বিবেচনায় আপদামিত্র ও সিভিল ডিফেন্স ভলান্টিয়ারদের প্রস্তুত রাখা হয়েছে বলে তিনি জানান।

এদিকে, গতকাল রাত থেকেই ধলাই জেলা জুড়ে শুরু হয়েছে প্রবল বর্ষণ। বিপর্যস্ত হয়ে পড়েছে জনজীবন। ধলাই জেলার জেলা শাসক ও সমাহর্তা সাজু ওয়াহিদ এ জানিয়েছেন এখনো পর্যন্ত জেলায় তেমন কোন ক্ষয়ক্ষতির খবর নেই। জেলা প্রশাসনের পক্ষ থেকে সব ধরনের ব্যবস্থা রাখা হয়েছে। তিনি বলেন সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে জেলা প্রশাসনের পক্ষ থেকে একটি কন্ট্রোল রুম খোলা হয়েছে।

গোমতী জেলায় গতকাল থেকে হালকা বাতাস ও মাঝারি বৃষ্টিপাত চলেছে। বৃষ্টিপাতের জেরে গোটা জেলার স্বাভাবিক জনজীবন ব্যহত হয়েছে।

গোমতীর জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা জানান, গতকাল বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নিয়ে জেলাভিত্তিক বৈঠক করা হয়। বৈঠকে সতর্কতামূলক যাবতীয় প্রস্তুতি নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। তিনি বলেন বিশেষ করে উদয়পুর মহারানী এলাকায়, অমরপুরের ছবিমুড়া ও করবুকের ডুম্বুর জলাশয়ের নিকটবর্তী মৎসজীবীদের সতর্কতা জারি করা হয়েছে।

তিনি আরো বলেন গোমতী নদীর জলস্তর ক্রমশঃ বৃদ্ধি পেয়ে বিপদ সীমার কাছ দিয়ে বয়ে চলেছে। বিপর্যয় মোকাবিলা দপ্তরের গোমতী জেলার ব্রাঞ্চ অফিসার রাকেশ চৌধুরী জানান, জেলার তিনটি মহকুমায় ২৫ থেকে ৩০টি শেল্টার হাউস চিহ্নিত করে রাখা হয়েছে। গোমতী এবং দক্ষিণ জেলার জন্য এন ডিআরএফ এর একটি টিম দক্ষিণ জেলার শান্তিরবাজারে প্রস্তুত হয়েছে।

সিপাহীজলা জেলায় মাঝারি থেকে ভারী বৃষ্টিপাত হলেও আজ সন্ধ্যা পর্যন্ত কোথাও কোন ক্ষয়ক্ষতির খবর নেই। সিপাহীজলা

জেলার অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার আকাশবাণীর সিপাহীজলা জেলা প্রতিনিধিকে জানিয়েছেন সিপাহীজলা অভয়ারণ্য সংলগ্ন এলাকায় আগরতলা-সাব্রুম জাতীয় সড়কে ৩টি গাছ ভেঙে পড়ায় দীর্ঘক্ষণ যান চলাচল বন্ধ ছিল। পরে টি.এস.আর জোয়ানরা গিয়ে গাছ কেটে রাস্তা পরিষ্কার করলে যান চলাচল স্বাভাবিক হয়।

উত্তর ও খোয়াই জেলার জেলা সংবাদদাতা জানিয়েছেন, উভয় জেলাতেই বৃষ্টি হচ্ছে। বৃষ্টির কারণে স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হয়েছে।

************************

**Weather-State :**

এদিকে, আগরতলায় আবহাওয়ার দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী ২৪ ঘন্টায় রাজ্যেও বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত সঙ্গে ঘন্টায় পঞ্চাশ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হওয়া বয়ে যেতে পারে। তাছাড়াও ৭০ কিলোমিটার আকস্মিক দমকা হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করা হয়েছে। রাজ্যে আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬.৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস।

**************************

**Ramel -Flight :**

দুর্যোগ পূর্ণ আবহাওয়ার পরিপ্রেক্ষিতে আজ আগরতলার এম বি বি বিমানবন্দর থেকে দিল্লি ও কলকাতাগামী আটটি ফ্লাইট বাতিল

করা হয়েছে। তবে আগরতলা থেকে বেঙ্গালুরু এবং গুয়াহাটিগামী ফ্লাইট যথারীতি চলাচল করেছে। বিমানবন্দরের অধিকর্তা আর সি মীনা আজ এখবর জানিয়েছেন।

*************************

**Ramel-Train :**

ঘূর্ণিঝড় রামেলের কারণে সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে আজ আগরতলা সাব্‌রুমের মধ্যে তিনটি ডেমো ট্রেন বাতিল করা হয়েছে। একটি ট্রেন সকালের দিকে চলাচল করেছে। আগরতলা শিলচর এরমধ্যে আজ এবং আগামীকাল যাত্রীবাহী ট্রেন বাতিল করা হয়েছে। ধর্মনগর আগরতলার মধ্যে ডেমো ট্রেনগুলি যথারীতি চলাচল করেছে। দূরপাল্লার সবগুলো ট্রেন যথারীতি চলাচল করেছে বলে জানিয়েছেন আগরতলার স্টেশন মাস্টার।

**************************

**DM Visit :**

পশ্চিম ত্রিপুরার জেলা শাসক ডঃ বিশাল কুমার আজ জেলার অন্তর্গত জলমগ্ন নিচু এলাকাগুলি পরিদর্শন করেন। সঙ্গে ছিলেন এসডি আরএফ-এর কর্মীরা। পরিদর্শনকালে ডঃ কুমার জানান পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। তাছাড়া সমস্ত নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে জেলা প্রশাসন রাজ্য এবং কেন্দ্রীয় সংস্থাগুলির সাথে সমন্বয় করে কাজ করছে বলে তিনি জানান।

********************************************

**Remal-Bangladesh :**

ঘূর্ণিঝড় রেমালের তান্ডবে বাংলাদেশের উপকূল অঞ্চলে জলোচ্ছ্বাস ও ব্যাপক ক্ষয়ক্ষতির সংবাদ পাওয়া গেছে। বিস্তীর্ণ অঞ্চলে

এখনো ঝড়ো হওয়া ও ভারী বৃষ্টিপাত চলছে। বাংলাদেশের পটুয়াখালী, ভোলা, সাতক্ষীরা, চট্টগ্রাম বরিশালে অন্তত ৬ জনের মৃত্যু হয়েছে বলে জানা গেছে।

*******************************

**Dipak Majumder :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ বৃষ্টির জল নিষ্কাশনের কাজে ব্যবহৃত আগরতলা পুর নিগমের কয়েকটি জলের পাম্প পরিদর্শন করেন। শ্রী মজুমদার বলেন জল নিষ্কাশনের জন্য আগরতলা পুর নিগমের ১৬টি অত্যাধুনিক পাম্প মেশিন রয়েছে। তাছাড়া ঘূর্ণিঝড় রেমাল সংক্রান্ত দুর্যোগ মোকাবিলায় আগরতলা পুর নিগমের সবরকম ব্যবস্থা রয়েছে বলেও তিনি জানান। পরিদর্শনকালে আগরতলা পুর নিগমের ইঞ্জিনিয়ার এবং পাম্প মেশিন পরিচালনা করার জন্য যুক্ত কর্মীদের সঙ্গে কথা বলে প্রস্তুতি সম্পর্কে অবগত হন তিনি।

***************************

**CM VISIT STATE AUYRVEDIK HOSPITAL :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার স্টেট আয়ুর্বেদিক হাসপাতাল পরিদর্শন করেন। এই হাসপাতালে চিকিৎসা পরিষেবায় যে সমস্ত সমস্যা রয়েছে সে সম্পর্কে মুখ্যমন্ত্রী অবহিত হন। তিনি কর্তব্যরত চিকিৎসকদের সঙ্গেও কথা বলেন।

*****************************

**All party Meeting-Sepahijala :**

সিপাহীজলা জেলায় লোকসভা নির্বাচনের ভোট গণনাকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে আজ জেলাশাসক নাগেশ কুমার বি-র পৌরহিত্যে এক সর্ব দলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বি.জে.পি, কংগ্রেস, সি.পি.আই.এম তিপ্রা মথা দলের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। তাছাড়া সিপাহীজলা জেলার দুই অতিরিক্ত জেলাশাসক জয়ন্ত কুমার দে ও সুব্রত মজুমদার, পুলিশ সুপার বি.জে রেড্ডি, জেলার অন্তর্গত তিনটি মহকুমার ৭টি বিধানসভা ক্ষেত্রে সহকারী রিটার্নিং অফিসারগণ উপস্থিত ছিলেন। অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার জানিয়েছেন, সিপাহীজলা জেলার ৩টি স্থানে ৭টি গণনা কেন্দ্রে ৭টি বিধানসভা কেন্দ্রের ভোট গণনা হবে।

*********************************

**Campaign :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের সপ্তম ও শেষ পর্বের প্রচার এখন তুঙ্গে। এনডিএ, মহাজোট এবং অন্যান্য দলের নেতারা বিভিন্ন স্থানে সভা সমাবেশে অংশ নিচ্ছেন।

বরিষ্ঠ বিজেপি নেতা এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ উত্তরপ্রদেশের কুশিনগর, সালেমপুর এবং চান্দৌলি সংসদীয় এলাকায় জনসভায় ভাষণ দেন। বিজেপির জাতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা আজ বারাণসীতে বিভিন্ন কর্মসূচিতে সাধারণ নাগরিক, তাঁতি, কারিগর সহ, বিভিন্ন শ্রেণীর ভোটারদের সঙ্গে মতবিনিময় করেন। বর্ষীয়ান বিজেপি নেতা এবং মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী ড. মোহন যাদব পাটনার মানেরে, পাটলিপুত্র সংসদীয় আসনের বিজেপি মনোনীত প্রার্থীর সমর্থনে জনসভায় ভাষণ দেন।

নালন্দা সংসদীয় আসনে নির্বাচনী জনসভা করেন জেডি(ইউ) সভাপতি ও মুখ্যমন্ত্রী নীতীশ কুমার।

কংগ্রেসের সাধারণ সম্পাদক প্রিয়াঙ্কা গান্ধী আজ হিমাচল প্রদেশের চাম্বা ও শাহপুরে জনসভায় ভাষণ দেন। প্রাক্তন কংগ্রেস সভাপতি রাহুল গান্ধী আজ পাটনা সাহেব ও পাটলিপুত্র নির্বাচনী এলাকায় খুসরুপুর এবং মানেরে জনসভা করেন।

আরজেডি নেতা তেজস্বী প্রসাদ যাদব জেহানাবাদ, পাটলিপুত্র এবং আরাহ নির্বাচনী এলাকায় আরজেডি এবং সিপিআই-এমএল প্রার্থীদের সমর্থনে জনসভায় ভাষণ দেন।

*****************************

**Jawaharlal Nehru Death Anniversary :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সামাজিক মাধ্যমে প্রাক্তন প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরুর মৃত্যুবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে, দলের বরিষ্ঠ নেত্রী সোনিয়া গান্ধী সহ অন্যান্যরা আজ দিল্লির শান্তিবনে জহরলাল নেহেরুর স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করেন।

আগরতলার প্রদেশ কংগ্রেস ভবনে আজ জওহরলাল বাল মঞ্চের উদ্যোগে প্রাক্তন প্রধানমন্ত্রী পন্ডিত জওহরলাল নেহেরুর ৬০তম মৃত্যুবার্ষিকী পালন করা হয়। উপস্থিত ছিলেন জওহরলাল বাল মঞ্চের রাজ্য চেয়ারম্যান অলোক গোস্বামী, মহিলা কংগ্রেস সভাপতি সহ অন্যান্য কার্যকর্তারা। শ্রী গোস্বামী বলেন জওহরলাল নেহেরু স্বাধীনতা আন্দোলনের মাধ্যমে ভারত গড়ার জন্য,

গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা প্রতিষ্ঠা এবং সংবিধানের ভিত্তি স্থাপনের জন্য তাঁর সমগ্র জীবন উৎসর্গ করেছিলেন।

**************************

**Jaharlal Neheru-Gomati :**

ভারতের প্রথম প্রধানমন্ত্রী পন্ডিত জহরলাল নেহেরুর ৬০তম মৃত্যু বার্ষিকী আজ উদয়পুর জেলা কংগ্রেস অফিসে পালন করা হয়। জহরলাল নেহেরুর প্রতিকৃতিতে ফুল মালা দিয়ে শ্রদ্ধা জানান উদয়পুর জেলা কংগ্রেস কমিটির সভাপতি টিঁটন পাল, আর কে পুর ব্লক কংগ্রেস সভাপতি রনজিৎ দেবনাথ, বাগমা ব্লক কংগ্রেস সভাপতি আরত বাহাদুর মলসুম প্রমুখ।

******************************

**Sushanta Chowdhury :**

যুব মোর্চার মজলিশপুর মন্ডলের উদ্যোগে আজ জিরানিয়ার অগ্নিবীনা হলে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে উপস্থিত ছিলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, বিজেপির প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য, যুব মোর্চার প্রদেশ সভাপতি বিধায়ক সুশান্ত দেব প্রমুখ। এই শিবিরে মোট ৩৩ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

*******************************

**PCC PRESIDENT :**

প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা আজ যুবরাজনগর, বাগবাসা, পানিসাগরে এবং ধর্মনগরে কর্মী সভা করেন। এই কর্মী

সভাগুলিতে রাজ্যে আসন্ন ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের প্রস্তুতি নিয়ে আলোচনা করা হয়।

*********************************

**SFI, DYFI :**

SFI ও DYFI-র সোনামুড়া বিভাগীয় কমিটি আজ ৮ দফা দাবির ভিত্তিতে আজ সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমা শাসকের কাছে ডেপুটেশন প্রদান করে। দাবিগুলির মধ্যে অন্যতম ছিল স্কুল গুলিতে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ, হাসপাতালে নার্স ও চিকিৎসক নিয়োগ করা, বিদ্যাজ্যোতি বিদ্যালয়গুলির ক্ষেত্রে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ ইত্যাদি। প্রতিনিধি দলে ছিলেন DYFI সোনামুড়া বিভাগীয় সম্পাদক ইন্দ্রজিৎ সাহা, সম্পাদক মন্ডলীর সদস্য ভোলা ভৌমিক, মিজান হোসেন প্রমুখ।

*******************************